

বেসরকারি শিক্ষক নিয়োগে নিবন্ধন প্রিলিমিনারি পরীক্ষায় বসতে হবে প্রার্থীদের

নিজস্ব প্রতিবেদক >

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষক নিয়োগে নিবন্ধনের জন্য এখন থেকে প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নিতে হবে প্রার্থীদের। এমসিকিউ (মাস্টিপল চয়েস কোর্সেচন) পদ্ধতির এই পরীক্ষায় পাসের পরই প্রার্থীরা বসতে পারবেন লিখিত পরীক্ষায়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর দেওয়া হবে নিবন্ধন সনদ। মাদ্রাসা শিক্ষক নিবন্ধন পরীক্ষা এ নতুন পদ্ধতিতেই গ্রহণ করা হবে।

গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের এসব তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগে এনটিআরসিএর অধীনে স্কুল ও কলেজ উভয় পর্যায়ে দুটি পরীক্ষা একসঙ্গে চার ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত হতো। এতে বিরতিহীনভাবে এক ঘণ্টার এমসিকিউ পদ্ধতির আবশ্যিক বিষয়ের পরীক্ষা এবং তিন ঘণ্টার বর্ণনামূলক পদ্ধতির বিষয়ভিত্তিক লিখিত পরীক্ষা নেওয়া হতো। তবে আসন্ন মাদ্রাসা শিক্ষক নিবন্ধন পরীক্ষার ক্ষেত্রে প্রার্থীদের অনলাইনে আবেদন করার পর প্রথম ধাপে এক ঘণ্টার ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুল পর্যায়ের প্রিলিমিনারি প্রথম দিন ও কলেজ পর্যায়ের প্রিলিমিনারি দ্বিতীয় দিনে অনুষ্ঠিত হবে।

স্বল্প সময়ের মধ্যে প্রিলিমিনারির ফল প্রকাশ করা হবে। এরপর প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা দ্বিতীয় ধাপে অনলাইনে পূরণ করে আবেদনপত্রের প্রিন্ট কপির সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্য কাগজপত্র পাঠাবেন। আবেদন যাচাই-বাছাইয়ের পর যোগ্য প্রার্থীরা লিখিত পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যথারীতি নিবন্ধন সনদ দেওয়া হবে। প্রিলিমিনারি পরীক্ষা আগের মতো ২০টি জেলাভিত্তিক কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে দ্বিতীয় ধাপের পরীক্ষার কেন্দ্র প্রয়োজনে হ্রাস করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।